বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ
ফোন-৯৫৫০৪০৩, ই-মেইল dgmlad1@krishibank.org.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি আর্থিক খাতের অগ্রগতি

নং-বিকেবি-প্রকা/ক্রেবি(শাখা-৩)প্রক্রেবি-৩(৪০)/২০১৯-২০২০/ ১১৩৭(৯০) তারিখঃ ১০.০৫.২০২০

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ **নভেল করোনা ভাইরাস (COVID-19)-এর প্রাদুর্ভাবের কারণে সৃষ্ট ব্যবসায়িক পরিস্থিতি বিবেচনায় ব্যাংকে ঋণ/বিনিয়োগের ওপর আরোপিত/আরোপযোগ্য সুদ/মুনাফা সুদ বিহীন ব্লকড হিসাবে স্থানান্তর প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

শিরোনামে বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের বিআরপিডি সার্কুলার নং-১১, তারিখ ০৩/০৫/২০২০ এবং বিআরপিডি সার্কুলার নং-২৩, তারিখ ০৪/০৫/২০২০ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উল্লেখিত পত্রদ্বয়ের মধ্যে বিআরপিডি সার্কুলার নং-১১, তারিখঃ ০৩/০৫/২০২০ এ নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে বাংলাদেশে সম্ভাব্য অর্থনৈতিক প্রভাব মোকাবেলায় দেশের অর্থনৈতিক কর্মকান্ড পুনরুজ্জীবিতকরণও গতিশীল রাখার লক্ষ্যে ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে স্বল্প সুদে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানসহ বিভিন্ন ধরনের আর্থিক প্রণোদনা প্যাকেজ ঘোষণা করা হয়েছে।

(ক) এক্ষণে, এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, করোনা ভাইরাস এর কারণে সৃষ্ট ব্যবসায়িক পরিস্থিতি বিবেচনায় ব্যাংকের সকল প্রকার ঋণ/বিনিয়োগের ওপর ০১ এপ্রিল ২০২০ তারিখ হতে ৩১ মে ২০২০ তারিখ পর্যন্ত সময়ে আরোপিত/আরোপযোগ্য সুদ/মুনাফা'সুদবিহীন ব্লকড হিসাবে' স্থানান্তর করতে হবে। পরবর্তী নিদেশর্না না দেয়া পযর্ন্ত ব্লকড হিসাবে স্থানান্তরিত সুদ/মুনাফাসংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগ গ্রহীতার নিকট হতে আদায় করা যাবে না এবং এরূপ সুদ/মুনাফা ব্যাংকের আয়খাতে স্থানান্তর করা যাবে না।

(খ) কোন ব্যাংক কর্তৃকইতোমধ্যে সুদ/মুনাফাআয়খাতে স্থানান্তর করা হয়ে থাকলে তা রিভার্স এন্ট্রির মাধ্যমে সমন্বয় করতে হবে।

(গ) ব্লকড হিসাবে রক্ষিত/রক্ষিতব্য উপরোক্ত সুদ/মুনাফা সমন্বয়ের বিষয়ে পরবর্তীতে অবহিত করা হবে।

০৩। এছাড়াও বিআরপিডি সার্কুলার নং-২৩, তারিখঃ ০৪/০৫/২০২০ এ ০৩ মে ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-১১/২০২০ এর প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো হয়েছে যে,

(ক) করোনা ভাইরাস এর কারণে সৃষ্ট ব্যবসায়িক পরিস্থিতি বিবেচনায় উক্ত সার্কুলারের মাধ্যমে ব্যাংকের সকল প্রকার ঋণ/বিনিয়োগের ওপর ০১ এপ্রিল ২০২০ তারিখ হতে ৩১ মে ২০২০ তারিখ পর্যন্ত সময়ে আরোপিত/আরোপযোগ্য সুদ/মুনাফা 'সুদবিহীন ব্লকড হিসাবে' স্থানান্তর করার নির্দেশনা প্রদান করা হয়েছে। তাছাড়া, পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত ব্লকড হিসাবে স্থানান্তরিত সুদ/মুনাফা সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগ গ্রহীতার নিকট হতে আদায় করা যাবে না এবং এরূপ সুদ/মুনাফা ব্যাংকের আয়খাতে স্থানান্তর করা যাবে না মর্মেও নির্দেশনা প্রদান করা হয়েছে।

(খ) এক্ষণে, ঋণ/বিনিয়োগের ওপর আরোপিত/আরোপযোগ্য সুদ/মুনাফা ব্লকড হিসাবে এবং আয়খাতে স্থানান্তরের বিষয়ে স্পষ্টীকরণ করা যাচ্ছে যে, ৩১ মার্চ ২০২০ তারিখ ভিত্তিক গ্রাহক পর্যায়ের ঋণ/বিনিয়োগ স্থিতির উপর উক্ত সার্কুলারের নির্দেশনা প্রযোজ্য হবে। উক্ত তারিখের পর অর্থাৎ ০১ এপ্রিল ২০২০ তারিখ হতে নতুনভাবে বিতরণ/উত্তোলনকতৃ ঋণ/বিনিয়োগের ক্ষেত্রে এ নির্দেশনা প্রযোজ্য হবে না।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

চলমান পাতা-২

০৪। বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকার ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের এর যথাক্রমে ০৩/০৫/২০২০ ও ০৪/০৫/২০২০ তারিখের বিআরপিডি সার্কুলার নং-১১ ও ২৩ অপর পৃষ্ঠায় হুবহু পুনঃমুদ্রণ করা হলো। এমতাবস্থায়, বিআরপিডি সার্কুলার নং-১১ ও ২৩ মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

সংযুক্তিঃ বর্ণনামতে।

২০/০৫/২০২০

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)
ফোনঃ ৯৫৫০৪০৩

নং-বিকেবি-প্রকা/ক্রেবি(শাখা-৩)প্রক্রেবি-৩(৪০)/২০১৯-২০২০ তারিখঃ ১০.০৫.২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, হিসাব বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উল্লেখিত ব্লকড হিসাব খোলার ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
০৭। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৮। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
১০। নথি/মহানথি।

১০/০৫/২০২০

( মোঃ এনামুল হোসেন)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

Website: www.bb.org.bd

**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ**
**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়**
**ঢাকা।**

বিআরপিডি সার্কুলার নং-১১ তারিখঃ

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**নভেল করোনা ভাইরাস (COVID-19)-এর প্রাদুর্ভাবের কারণে সৃষ্ট ব্যবসায়িক পরিস্থিতি বিবেচনায় ব্যাংক ঋণ/বিনিয়োগের ওপর আরোপিত/আরোপযোগ্য সুদ/মুনাফা সুদবিহীন ব্লকড হিসাবে স্থানান্তর প্রসঙ্গে।**

নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে বাংলাদেশে সম্ভাব্য অর্থনৈতিক প্রভাব মোকাবেলায় দেশের অর্থনৈতিক কর্মকান্ড পুনরুজ্জীবিতকরণ ও গতিশীল রাখার লক্ষ্যে ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে স্বল্প সুদে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানসহ বিভিন্ন ধরনের আর্থিক প্রণোদনা প্যাকেজ ঘোষণা করা হয়েছে।

২। এক্ষণে, এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, করোনা ভাইরাস এর কারণে সৃষ্ট ব্যবসায়িক পরিস্থিতি বিবেচনায় ব্যাংকের সকল প্রকার ঋণ/বিনিয়োগের ওপর ০১ এপ্রিল ২০২০ তারিখ হতে ৩১ মে ২০২০ তারিখ পর্যন্ত সময়ে আরোপিত/আরোপযোগ্য সুদ/মুনাফা 'সুদবিহীন ব্লকড হিসাবে' স্থানান্তর করতে হবে। পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত ব্লকড হিসাবে স্থানান্তরিত সুদ/মুনাফা সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগ গ্রহীতার নিকট হতে আদায় করা যাবে না এবং এরূপ সুদ/মুনাফা ব্যাংকের আয়খাতে স্থানান্তর করা যাবে না।

৩। কোন ব্যাংক কর্তৃক ইতোমধ্যে সুদ/মুনাফা আয়খাতে স্থানান্তর করা হয়ে থাকলে তা রিভার্স এন্ট্রির মাধ্যমে সমন্বয় করতে হবে।

৪। ব্লকড হিসাবে রক্ষিত/রক্ষিতব্য উপরোক্ত সুদ/মুনাফা সমন্বয়ের বিষয়ে পরবর্তীতে অবহিত করা হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ মকবুল হোসেন)
মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)
ফোনঃ ৯৫৩০২৬৮

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং- 8922 তাং- 04/05/2020
★ ডিএমডি- ১
★ ৩১ মে ২০২০
★ বৈশাখ ১৪২৭
★ আলাপ করুন
ব্যবস্থাপনা পরিচালক

উপ-ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়-১
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
নং- ১১০৪ তারিখ
বিভাগ DGM-Treasury
ডিএমডি-১

Website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং-২৩

তারিখঃ ০৪ মে ২০২০
২১ বৈশাখ ১৪২৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**নভেল করোনা ভাইরাস (COVID-19)-এর প্রাদুর্ভাবের কারণে সৃষ্ট ব্যবসায়িক পরিস্থিতি বিবেচনায় ব্যাংক ঋণ/বিনিয়োগের ওপর আরোপিত/আরোপযোগ্য সুদ/মুনাফা সুদবিহীন ব্লকড হিসাবে স্থানান্তর প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে ০৩ মে ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-১১/২০২০ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। করোনা ভাইরাস এর কারণে সৃষ্ট ব্যবসায়িক পরিস্থিতি বিবেচনায় উক্ত সার্কুলারের মাধ্যমে ব্যাংকের সকল প্রকার ঋণ/বিনিয়োগের ওপর ০১ এপ্রিল ২০২০ তারিখ হতে ৩১ মে ২০২০ তারিখ পর্যন্ত সময়ে আরোপিত/আরোপযোগ্য সুদ/মুনাফা 'সুদবিহীন ব্লকড হিসাবে' স্থানান্তর করার নির্দেশনা প্রদান করা হয়েছে। তাছাড়া, পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত ব্লকড হিসাবে স্থানান্তরিত সুদ/মুনাফা সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগ গ্রহীতার নিকট হতে আদায় করা যাবে না এবং এরূপ সুদ/মুনাফা ব্যাংকের আয়খাতে স্থানান্তর করা যাবে না মর্মেও নির্দেশনা প্রদান করা হয়েছে।

৩। এক্ষণে, ঋণ/বিনিয়োগের ওপর আরোপিত/আরোপযোগ্য সুদ/মুনাফা ব্লকড হিসাবে এবং আয়খাতে স্থানান্তরের বিষয়ে স্পষ্টীকরণ করা যাচ্ছে যে, ৩১ মার্চ ২০২০ তারিখ ভিত্তিক গ্রাহক পর্যায়ের ঋণ/বিনিয়োগ স্থিতির উপর উক্ত সার্কুলারের নির্দেশনা প্রযোজ্য হবে। উক্ত তারিখের পর অর্থাৎ ০১ এপ্রিল ২০২০ তারিখ হতে নতুনভাবে বিতরণ/উত্তোলনকৃত ঋণ/বিনিয়োগের ক্ষেত্রে এ নির্দেশনা প্রযোজ্য হবে না।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ নুরুল আলম)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৩৫৯

উপ-ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়-১
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
নং ১১১১ -৫-২০২০
বিভাগ DGM-Credit
ডিএমডি-১